**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date : 05-12-24** **Desk in Charge :**

**Time : 7-50 PM** **Compiling :**

**Opening Announcement** আকাশবাণী, খবর পড়ছি

## বিশেষ বিশেষ খবর –

১/ কলকাতা থেকে ইউরোপের বিভিন্ন দেশ এবং মার্কিন যুক্তরাষ্ট্রের মধ্যে সরাসরি বিমান চলাচল শুরু করার ব্যাপারে একটি প্রস্তাব আজ সর্বসম্মতিক্রমে রাজ্য বিধানসভায় গৃহীত হয়েছে।

# এদিকে, রাজ্য সরকারের তোষণের রাজনীতির কারণে কলকাতা বিমান বন্দরের সম্প্রসারণ আটকে রয়েছে বলে বিজেপি অভিযোগ করেছে।

২/ রাজ্যে আরও তিনটি বেসরকারি বিশ্ববিদ্যালয় তৈরি হতে চলেছে।

৩/ রাজ্যে তৃণমূল কংগ্রেস সরকারকে অপসারিত করতে হিন্দুদের ঐক্যবদ্ধ হতে হবে বলে বিরোধী দলনেতা দাবি করেছেন।

# বাংলাদেশে সংখ্যালঘুদের ওপর আক্রমণের প্রতিবাদে কংগ্রেস সহ বেশ কয়েকটি দল ও সংগঠন আজ বিক্ষোভ কর্মসূচী পালন করে।

৪/ দক্ষিণ ২৪ পরগনার জয়নগরে নাবালিকা ছাত্রীর ধর্ষণ ও খুনের ঘটনায় মূল অভিযুক্ত মোস্তাকিন সরদারকে আজ দোষী সাব্যস্ত করা হয়েছে।

# এদিকে, কলকাতায় সাত মাসের একটি শিশুকে যৌন নির্যাতনের ঘটনায় পুলিশ আজ গোপীবল্লভপুর থেকে এক ব্যক্তিকে গ্রেপ্তার করেছে।

৫/ আজ বিশ্ব মৃত্তিকা দিবস। নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে দিনটি পালিত হচ্ছে।

৬/ রাজকোটে আজ সৈয়দ মুস্তাক আলি ট্রফি টি টোয়েন্টি ক্রিকেটে বাংলা সাত উইকেটে রাজস্থানকে হারিয়ে দিয়েছে।

*******************************************************************************

কলকাতা থেকে ইউরোপের বিভিন্ন দেশ এবং মার্কিন যুক্তরাষ্ট্রের মধ্যে সরাসরি বিমান চলাচল শুরু করার ব্যাপারে একটি প্রস্তাব আজ সর্বসম্মতিক্রমে রাজ্য বিধানসভায় গৃহীত হয়েছে। এব্যাপারে প্রয়োজনীয় পদক্ষেপ করার জন্য কেন্দ্রীয় সরকারের কাছে আবেদন জানালো রাজ্য বিধানসভা। এই উদ্দেশ্যে আনা প্রস্তাবটি আলোচনার জন্য বিধানসভায় উত্থাপন করে অর্থমন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য বলেন একসময় কলকাতা থেকে ইউরোপ এবং মার্কিন যুক্তরাষ্ট্রের সরাসরি বিমান যোগাযোগ ছিল। কিন্তু পরবর্তীকালে নানা কারণে ওইসব বিমান সংস্থা কলকাতা থেকে উড়ান চলাচল বন্ধ করে দেওয়ায় শতবর্ষ প্রাচীন কলকাতা বিমানবন্দর থেকে এখন আর ওই সব দেশে আকাশ পথের সরাসরি পৌঁছানো যায় না। যাতে ওই সব বিমান সংস্থা ফের কলকাতা থেকে ওইসব দেশে সরাসরি বিমান চলাতে আগ্রহী হয় সেজন্য তাদের আকর্ষণ করতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য কেন্দ্রীয় সরকারকে অর্থমন্ত্রী আবেদন জানান।

( বাইট- চন্দ্রিমা )

রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী এই প্রস্তাবকে পূর্ণ সমর্থন করে বলেন, এ ব্যাপারে কেন্দ্রীয় সরকারের কাছে প্রতিনিধি দল পাঠালে বিজেপি তাতে সামিল হতে প্রস্তুত। তবে তিনি এও বলেন, ইউরোপের একাধিক দেশ থেকে সরাসরি কলকাতা বিমানবন্দরে আসার ক্ষেত্রে কেন্দ্রের ছাড়পত্র আছে। তাই নতুন করে কেন্দ্রের অনুমোদন দরকার নেই।

( বাইট- শুভেন্দু)

পরে রাজ্য বিধানসভার বাইরে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী বলেন,
রাজ্য সরকারের তোষণের রাজনীতির কারণে কলকাতা বিমানবন্দরের সম্প্রসারণ আটকে রয়েছে বলে বিজেপি অভিযোগ করেছে। তিনি বলেন, সরকারের তোষণের রাজনীতির জন্য একটি বিশেষ সম্প্রদায়ের কাছে আত্মসমর্পণ করে বিমানবন্দর সম্প্রসারণের কাজ আটকে রেখেছে। কেন্দ্রীয় সরকারের এখানে কোন ভূমিকা নেই।

*******************

রাজ্যে আরও তিনটি বেসরকারি বিশ্ববিদ্যালয় তৈরি হতে চলেছে। এজন্য রাজ্য বিধানসভার চলতি অধিবেশনে তিনটি পৃথক বিল পেশ করা হবে। আগামী মঙ্গলবার বিধানসভায় 'দ্য রবীন্দ্রনাথ ঠাকুর ইউনিভার্সিটি বিল ২০২৪' নিয়ে আলোচনা হবে। রবীন্দ্রনাথ ঠাকুরের নামাঙ্কিত ওই প্রস্তাবিত বিশ্ববিদ্যালয় তৈরি হবে হুগলি জেলার ধনেখালিতে। কালীপদ সাহা মেমোরিয়াল ট্রাস্ট নামে এক স্বেচ্ছাসেবী সংগঠন ওই বেসরকারি বিশ্ববিদ্যালয় তৈরি করবে । এদিকে উত্তর ২৪ পরগণার আগরপাড়ায় রামকৃষ্ণ পরমহংস দেবের নামে একটি বিশ্ববিদ্যালয় তৈরি করছে রামকৃষ্ণ বিবেকানন্দ মিশন। এই সংক্রান্ত 'দ্য রামকৃষ্ণ পরমহংস বিশ্ববিদ্যালয় বিল ২০২৪' নিয়ে মঙ্গলবার বিধানসভার অধিবেশনে আলোচনা হবে বলে কার্য উপদেষ্টা কমিটির বৈঠকে স্থির হয়েছে। এদিকে আগামী বুধবার দক্ষিণ কলকাতার ভবানীপুরে নতুন একটি বিশ্বিদ্যলয় তৈরির উদ্দেশ্যে 'দ্য ভবানীপুর গ্লোবাল ইউনিভার্সিটি বিল ২০২৪' শীর্ষক একটি বিল নিয়ে বিধানসভায় আলোচনা হবে। ভবানীপুর গুজরাতি এডুকেশন সোসাইটি ওই বিশ্ববিদ্যালয় তৈরির সঙ্গে যুক্ত রয়েছে ।

*******************

রাজ্য সরকার এখন থেকে সব শ্রেণীর সরকারি কর্মচারীদের LTC এবং HTC তে ট্রেনে সপরিবারে ভ্রমণে শীততাপ নিয়ন্ত্রিত শ্রেণীর ভাড়া দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে। অর্থ দপ্তরের জারি করা এক বিজ্ঞপ্তিতে যে সব কর্মচারীদের মাসিক মূল বেতন ৫০ হাজার টাকার কম, তারা এসি থ্রি টিয়ারে এবং তার থেকে বেশি বেতনের কর্মীরা এসি টু টিয়ারের ভাড়া পাবেন বলে জানানো হয়েছে।

অন্যদিকে যে ট্রেনগুলোতে শুধু চেয়ার কার রয়েছে সেখানে এসি শ্রেণীর ভাড়া দেওয়া হবে। এলটিসি-র নতুন নিয়মে জাহাজে করে আন্দামান বা লাক্ষাদ্বীপ বেড়াতে গেলে চল্লিশ হাজার টাকা মূল বেতনের বেশি কর্মীদের প্রথম শ্রেণীর এবং তার থেকে কম বেতনের কর্মীদের দ্বিতীয় শ্রেণীর কেবিনের ভাড়া দেওয়া হবে। গত পয়লা ডিসেম্বর থেকে নতুন এই নিয়ম কার্যকরী হয়েছে।

উল্লেখ্য, রাজ্য সরকারি কর্মীরা দশ ও পাঁচ বছর অন্তর সপরিবারে এই ভ্রমণ ভাতা পান।

*******************

রাজ্যে তৃণমূল কংগ্রেস সরকারকে অপসারিত করতে হিন্দুদের ঐক্যবদ্ধ হতে হবে বলে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী দাবি করেছেন। কলকাতায় আজ বাংলাদেশে হিন্দুদের উপর আক্রমণের প্রতিবাদে এবং ইসকনের সন্ন্যাসীকে নিঃশর্ত মুক্তির দাবিতে এবং এরাজ্যেও সনাতনীদের রক্ষার্থে এক সমাবেশে তিনি একথা জানান। শ্রী অধিকারী অভিযোগ করেন, বাংলাদেশে একের পর এক গ্রামে হিন্দুদের উপর আক্রমণ হচ্ছে। পাশাপাশি এই রাজ্যেও মমতা ব্যানার্জি রোহিঙ্গাদের অনুপ্রবেশ করিয়ে বাংলাকে ধ্বংস করতে চাইছেন। কাঁটা তারের বেড়া দেওয়ার জন্য বিএসএফকে জমি দেয়নি। এরাজ্যে পুজো করতে হলে আদালতের অনুমোদন নিতে হয়।

এর আগে বিজেপি, হিন্দু সন্ন্যাসীদের সমাবেশে অনুমোদন না দেওয়ায় রাজ্য সরকারের সমালোচনা করেন। বাংলাদেশে ঘটনার প্রতিবাদে হিন্দু সন্ন্যাসীরা আজ রানী রাসমণি অ্যাভিনিউতে এক সমাবেশের ডাক দেয়। সম্পূর্ণ অরাজনৈতিক এই সমাবেশের জন্য যে আদালতের অনুমতি নিতে হয়েছে, তা দুর্ভাগ্যজনক বলে শ্রী অধিকারী মন্তব্য করেন।

বাংলাদেশে সংখ্যালঘুদের ওপর আক্রমণের প্রতিবাদে কংগ্রেস'ও আজ কলকাতা সহ রাজ্যের বেশ কয়েকটি জায়গায় বিক্ষোভ কর্মসূচী পালন করে। দক্ষিণ কলকাতার জেলা কংগ্রেস কমিটির সভাপতি প্রদীপ প্রসাদের নেতৃত্বে বাংলাদেশ ডেপুটি হাইকমিশনারের কার্যালয় অভিযানের ডাক দেওয়া হয়।

অন্যদিকে, কেন্দ্রীয় শ্রমিক সংগঠন, শিল্পভিত্তিক ফেডারেশন ও ১২'ই জুলাই কমিটির ডাকে ধর্মতলার লেনিন মূর্তি থেকে কলেজ স্কোয়ার পর্যন্ত আরেকটি প্রতিবাদ মিছিল বের করা হয়। মতুয়াদের পক্ষ থেকেও দক্ষিণ কলকাতার কালিকাপুর থেকে রুবি মোড় পর্যন্ত আরেকটি মিছিলে সামিল হন বহু মানুষ।

*******************

দক্ষিণ ২৪ পরগনার জয়নগরে নাবালিকা ছাত্রীর ধর্ষণ ও খুনের ঘটনায় মূল অভিযুক্ত মোস্তাকিন সরদারকে আজ দোষী সাব্যস্ত করা হয়েছে। বারুইপুরের পক্সো আদালত আজ এই ধর্ষণ ও খুনে মোস্তাকিনকে ৬১ দিনের মাথায় দোষী সাব্যস্ত করে জানায়, সে একাই

ওই ঘটনায় জড়িত ছিল। আগামীকাল বেলা ১০ টা নাগাদ বিচারক মোস্তাকিনের সাজা ঘোষণা করবেন।

উল্লেখ্য, গত ৫'ই অক্টোবর জয়নগরের মহিষমারিতে চতুর্থ শ্রেণীর ছাত্রী টিউশনে গিয়ে আর বাড়ি ফেরেনি। গভীর রাতে বাড়ি থেকে বেশ কিছুটা দূরে তাঁর দেহ উদ্ধার হয়। মেয়েটিকে ধর্ষণের পর খুন করা হয় বলে জান গেছে। এই ঘটনায় পুলিশের ভূমিকায় ক্ষুব্ধ এলাকার মানুষ পুলিশ ফাঁড়িতে আগুন লাগায়, ভাঙ্গচুর চালায়। বিচারের দাবীতে চলে লাগাতার প্রতিবাদ ও বিক্ষোভ।

******************

কলকাতায় সাত মাসের একটি শিশু কন্যাকে যৌন নির্যাতনের ঘটনায় পুলিশ আজ রাজীব ঘোষ নামে এক ব্যক্তিকে গোপীবল্লভপুরে তার বাড়ি থেকে গ্রেপ্তার করেছে। ধৃতকে আজই ব্যাঙ্কশাল আদালতে তোলা হলে ১২ দিনের জেল হেফাজতে পাঠানো হয়। ধৃত রাজীব কলকাতার বটতলা থানা এলাকায় একটি দোকানে কাজ করতো। CCTV ফুটেজ দেখে পুলিশ তার খোঁজ পায়। গত ৩০শে নভেম্বর রাতে বাচ্ছাটি মা ও বাবার সঙ্গে ফুটপাথে শুয়েছিল। সেই সময় রাজীব তাকে তুলে নিয়ে যৌন নির্যাতন করে বলে অভিযোগ। পরে শিশুটির মা বটতলা থানায় অভিযোগ জানালে, পকসো আইনে মামলা দায়ের করা হয়। আর জি কর হাসপাতালে শিশুকন্যাটির চিকিৎসা চলেছে।

******************

হুগলীর ত্রিবেণীর কালিতলায় ডাকাতি করে পালানোর সময় পুলিশের গাড়ি লক্ষ্য করে ডাকাতদের ছোঁড়া বোমায় দুই পুলিশ কর্মী আহত হয়েছেন। পরে অবশ্য পুলিশ দুই দুষ্কৃতীকে গ্রেপ্তার'ও করে। তাদের কাছ থেকে দুটি মোটরবাইক, আগ্নেয়াস্ত্র, টাকা, বেশ কিছু সোনার গয়না উদ্ধার হয়েছে। আরো দুই দুষ্কৃতীর খোঁজে পুলিশ তল্লাশি চালাচ্ছে।

ধৃত কৃষ্ণপদ মন্ডল ও অলোক বিশ্বাসকে আজ চুঁচুড়া আদালতে তোলা হলে ৬'দিনের পুলিশ হেফাজতে পাঠানো হয়। এরা দুজনেই নদীয়ার বাসিন্দা।

এরা পূর্ব বর্ধমানের কালনা থেকে ডাকাতি করে পালাচ্ছিল বলে জানা গেছে।

*******************

নদীয়ার ভারত- বাংলাদেশ সীমান্তবর্তী মাজদিয়া থেকে বিপুল পরিমাণ সোনা উদ্ধার হয়েছে। কৃষ্ণনগরগামী একটি বাসের এক যাত্রীর কাছ থেকে এক কেজি ১৯৯ গ্রাম সোনা উদ্ধার হয়। BSF-এর ৩২ নম্বর ব্যাটেলিয়ানের জওয়ানরা সেখানে গোপন খবরের ভিত্তিতে তল্লাশি চালিয়ে এগুলি উদ্ধার করে। এর বাজার দর ৯১ লক্ষ টাকার'ও বেশী।

ধৃত সুভাষ চন্দ্র মন্ডলের বাড়ি কৃষ্ণগঞ্জ থানা এলাকার মথুরাপুরে।

*******************

ভারত- নেপাল সীমান্ত এলাকার পানিট্যাঙ্কি থেকে আগ্নেয়াস্ত্রসহ এক যুবককে SSB জওয়ানরা গ্রেপ্তার করেছে। তারপর তাঁকে খড়িবাড়ি থানার পুলিশের হাতে তুলে দেওয়া হয়। ধৃত মহম্মদ মীরাজ নকশালবাড়ির তোতারাম এলাকার বাসিন্দা।

*******************

আজ ৫ ই ডিসেম্বর। বিশ্ব মৃত্তিকা দিবস। এই বছরের মূল ভাবনা হলো মাটির যত্ন: পরিমাপ, নিরীক্ষণ, পরিচালনা। মাটি হলো জীবন্ত বাস্তুতন্ত্র ও জীব বৈচিত্র্যের ধারক। সারা বিশ্বে দিনটি পালিত হচ্ছে। আন্তর্জাতিক মৃত্তিকা বিজ্ঞান সঙ্ঘ IUSS ২০০২ সালে মৃত্তিকা দিবস পালনের অনুমোদন দেয়। আন্তর্জাতিক মৃত্তিকা অংশীদারিত্বের আদলে এটি পালন করা হয় থেকে। থাইল্যান্ডের মুখ্য ভূমিকা রয়েছে এর পেছনে।

*******************

নদীয়া জেলায় রাষ্ট্রীয় কৃষি বিকাশ যোজনার অধীনে গম চাষে এক নতুন দিগন্তের সূচনা । বিনা কর্ষনে অত্যাধুনিক জিরো টিলেজের সহায়তায় একসাথে 6 সারিতে রোপন করা হচ্ছে গম। এর ফলে কম খরচে ও কম সময়ে বীজ বোনা, সার দেওয়া ও বীজ ঢাকার ব্যবস্থা হচ্ছে।

*******************

রাজকোটে আজ সৈয়দ মুস্তাক আলি ট্রফি টি টোয়েন্টি ক্রিকেটে বাংলা সাত উইকেটে রাজস্থানকে হারিয়ে দিয়েছে। এরফলে বাংলা সাত ম্যাচে ২৪ পয়েন্ট নিয়ে গ্রুপ এ, র শীর্ষে উঠে নক আউট পর্বে খেলা নিশ্চিত করেছে।

******************************************************